-১-

ঢাকা ওয়াসা

১। ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
২। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয় : Repair of different dia water line leakage at H#40 R#9 Nabi Nagar and H#26 R#2 Dhaka uddan area under MODS Zone-3, Dhaka WASA. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। মড়স জোন-৩ এর আওতাধীন হোল্ডিং নং ৪০ রোড নং ৯ নবী নগর এবং হোল্ডিং নং ২৬ রোড নং ২ ঢাকা উদ্যান রোডের সামনে পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পানি বের হচ্ছে জানিয়ে গ্রাহক কর্তৃক ঢাকা ওয়াসার কল সেন্টারে মৌখিক অভিযোগ দিয়েছেন। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে তাৎক্ষনিক এলাকাগুলি পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে লিকেজ স্থানগুলো হতে প্রচুর পানি বের হচ্ছে। এতে একদিকে পানির অপচয় হয়ে ঢাকা ওয়াসা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে অন্যদিকে লিকেজ হয়ে গর্ত হয়ে যাওয়ায় পথচারীদের যাতায়াতে অসুবিধা সহ যে কোন সময় দুর্ঘটনা সংঘটিত হয়ে জানমালের ক্ষতি সাধিত হতে পারে। এছাড়াও উক্ত লিকেজ দিয়ে ময়লা পানি প্রবেশ করে পাইপ লাইনের পানি দূষিত হতে পারে। উল্লেখ্য যে, উক্ত রাস্তায় বিভিন্ন ধরনের সার্ভিস লাইন থাকার কারনে অত্যন্ত সতর্কতার সাথে কাজটি সম্পন্ন করা হবে এবং কাজ শেষে রাস্তা চলাচলের উপযোগী করতে হবে।

২। উপরের বর্ণনার আলোকে কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান M/S. RANGDHONU CONSTRUCTION কে মৌখিকভাবে জানানো হলে তিনি কাজ করতে সম্মতি জানান। ঢাকা ওয়াসার রেইট সিডিউল-১১, পি ডাবলিও ডি-১৮ ও বাজার দর বিশ্লেষন করে একটি প্রাক্কলণ প্রস্তুত করা হ'ল যাতে মোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে ৳৪৯,১২৫/-(উনপঞ্চাশ হাজার একশত পঁচিশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র মড়স জোনের ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের 18(01-04-001) "পানির লাইন রক্ষনাবেক্ষন" খাত হতে নির্বাহ করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে Repair of different dia water line leakage at H#40 R#9 Nabi Nagar and H#26 R#2 Dhaka uddan area under MODS Zone-3, Dhaka WASA. কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিচের প্রস্তব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳ ৪৯,১২৫/-(উনপঞ্চাশ হাজার একশত পঁচিশ) (ভ্যাট ট্যাক্স সহ) টাকার প্রাক্কলণটি অনুমোদন।
খ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)/ট অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) এ অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান "M/S. RANGDHONU CONSTRUCTION" এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।
গ) আলোচ্য কাজের ব্যয়ভার মড়স জোন-৩ এর ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের 18 "পানির লাইন রক্ষণাবেক্ষণ" (কোড নং- ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লেখিত প্রস্তাবসমূহ "প্রধান প্রকৌশলী" মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

.SDE

08/07/2025
শাবানা ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মড়স জোন-৩, ঢাকা ওয়াসা

০৮/৭/২৫
মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মড়স জোন-৩, ঢাকা ওয়াসা।

নিঃ প্রঃ
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড়স জোন-৩ ঢাকা ওয়াসা

SE, MODS circle-1

০৮/০৭/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড়স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE
অনুমোদিত
০৯/০৭/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।